মেহেরপুর সীমান্ত থেকে ৬ শ গ্রাম ওজনের ৫ টি স্বর্ণের বার উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর সীমান্ত থেকে ৬০০ গ্রাম ওজনের ৫টি স্বর্ণের বার উদ্ধার করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)’র একটি দল।

আজ সোমবার (১৮ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে বাজিতপুর গ্রামের বাজিতপুর-ঝাঝা রোডের ব্রীজের পূর্ব পাশ থেকে পরিত্যক্ত অবস্থায় এই স্বর্ণের বার উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি আজ সোমবার বিকাল সাড়ে ৪ টার সময় প্রেস রিলিজ দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

প্রেস রিলিজে তিনি জানান, সকাল ১১ টার দিকে বিজিবি’র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) গোপন তথ্যের ভিত্তিতে জানতে পারে যে, ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর গ্রামের মধ্যে দিয়ে স্বর্ণের একটি চালান বাংলাদেশ থেকে ভারতে পাচার হবে। এই তথ্যের ভিত্তিতে বাজিতপুর বিওপি কমান্ডার নায়েব সুবেদার সিগঃ মোঃ শহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে বাজিতপুর গ্রামের বাজিতপুর-ঝাঝা রোডের ব্রীজের পূর্ব পার্শ্বে একটি তুলাবাগানের মধ্যে এ্যাম্বুশ করে অবস্থান গ্রহণ করে। আনুমানিক সকাল ১১ টার দিকে দুইজন ব্যক্তিকে ওই রাস্তার উপর দাড়িয়ে কথা বলতে দেখে বিজিবি দল সন্দেহজনকভাবে তাদেরকে চ্যালেঞ্জ করে। বিজিবির উপস্থিতি টের পেয়ে একজন সাইকেলযোগে পালিয়ে যায় এবং অপরজন ঘাসের মধ্যে একটি ছোট প্যাকেট ফেলে দৌড়ে কর্দমাক্ত মাঠের ভিতর দিয়ে গ্রামের মধ্যে পালিয়ে যায়।

পরবর্তীতে বিজিবি টহলদল ফেলে যাওয়া প্যাকেটটি সংগ্রহ করে তার ভেতরে কার্বন দিয়ে মোড়ানো ও স্কচটেপ দিয়ে প্যাচানো অবস্থায় ৬০০ গ্রাম ওজনের ০৫টি স্বর্ণের বার উদ্ধার করতে সক্ষম হয়।

এই ঘটনায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।